

উভয় পক্ষ উপস্থিত। কপিরাইটের আবেদনকারী জনাব রাশেদুল ইসলাম তার আবেদনের স্বপক্ষে স্বহস্তে লিখিত পান্ডুলিপি দাখিল করেন। এছাড়া ০৪.০১.২০১৭ তারিখে একজন প্রযোজকের সঙ্গে “নোলক” নামক ছবির কাহিনী, চিত্রনাট্য রচনা ও পরিবেশনার জন্য সম্পাদিত একটি চুক্তিনামা দাখিল করেন।

অন্যদিকে প্রতিপক্ষ গল্পের মূল ভাবনার একটি স্ক্রিপ্ট দাখিল করেন। যেটি তিনি ছবি তৈরির উদ্দেশ্যে একজন প্রযোজককে দাখিল করেছিলেন বলে জানান। পরবর্তীতে এ গল্প পছন্দ করায় প্রযোজকের অনুরোধে তিনি এর চিত্রনাট্য ও কাহিনী সংলাপ রচনা করেন। এ গল্পের স্থান, কাল ও চরিত্র একান্তভাবে তার পারিবারিক পটভূমিতে রচিত। তিনি “নোলক” ছবির কাহিনী, সংলাপ ও পান্ডুলিপি রচনার জন্য প্রযোজনা প্রতিষ্ঠান “বি হ্যাপী”-এর সাথে ১০/০৯/২০১৭ সনে চুক্তি সম্পাদন করেন। তিনি তার বক্তব্যে আরও উল্লেখ করেন যে, লিটন হালদার নামক একজন চিত্র পরিচালকের সঙ্গে এ চিত্রনাট্য নিয়ে আলোচনা এবং পরবর্তীতে পরিচালক সমিতিতে এর নিবন্ধন করা হয়, এর সপক্ষে তার ডকুমেন্ট রয়েছে। উক্ত নিবন্ধনের পর আবেদনকারী পরিচালক রাশেদ রাহার বরাবর পরিচালক সমিতির মাধ্যমে এ রেজিস্ট্রেশন হস্তান্তর করেন। উভয়পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং দাখিলকৃত পত্র, পত্রিকার রিপোর্ট পর্যালোচনায় নিম্নবর্ণিত বিষয় উদঘাটিত হয়ঃ

(ক) আবেদনকারী রাশেদুল ইসলামের দাখিলকৃত স্বহস্তে লিখিত পান্ডুলিপির সঙ্গে এ আবেদনের সঙ্গে সংযুক্ত পান্ডুলিপির দৃশ্য ২৬, ৩৫, ৩৭, ৩৮, ৩৮(ক), ৪০, ৪১, ৪৫, ৪৯, ৫০, ৫১, ৫৩, ৫৪, ৫৫, ৬৫, ৬৬, ৬৮, ৭২, ৭৫(ক), ৭৯, ৮০-এর মিল নেই।

(খ) “নোলক” ছবিটির প্রযোজক জনাব সাকিব ইরতিজা চৌধুরী তিনি জানান যে, এ চিত্রনাট্য বা পান্ডুলিপিটির লেখক জনাব ফেরারী ফরহাদ, তিনি তার সঙ্গেই চুক্তি করেছেন। এ সংক্রান্ত চুক্তিনামা পরীক্ষায় দেখা যায় লেখক হিসেবে পান্ডুলিপির রচয়িতা জনাব ফেরারী ফরহাদ। উক্ত চুক্তিনামায় জনাব রাশেদ রাহার স্বাক্ষর রয়েছে পরিচালক হিসেবে। অর্থাৎ আবেদনকারী রাশেদ রাহার নিকট জনাব ফেরারী ফরহাদকে লেখক হিসেবে স্বীকার করে উক্ত চুক্তিনামাটি স্বাক্ষর করেছেন।

(গ) ডেইলিস্টার ৮ সেপ্টেম্বর ২০১৮, জাগো নিউজ ৩ সেপ্টেম্বর ২০১৮, আনন্দধারা (ডেইলি স্টার) ৬ সেপ্টেম্বর ২০১৮ এবং ডেইলি পেজ ৩.কম ২ সেপ্টেম্বর ২০১৮ তারিখে প্রকাশিত সংবাদ এ চিত্রনাট্যটির কাহিনী-সংলাপ এর রচয়িতা হিসেবে জনাব ফেরারী ফরহাদের নাম উল্লেখ করা হয়েছে।

উভয়পক্ষের বক্তব্য দাখিলকৃত ডকুমেন্ট ও তদন্ত প্রতিবেদন পর্যালোচনাক্রমে এটা প্রতীয়মান হয় যে, দাখিলকৃত “নোলক” চলচ্চিত্রের পান্ডুলিপিটির রচয়িতা আবেদনকারী জনাব রাশেদুল ইসলাম নয়। অতএব তার আবেদন না মঞ্জুর করা হলো।